

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৮

১/ বিবিধ

আরবী

اعمل لدنياك كأنك تعيش أبداً، واعمل لآخرتك كأنك تموت غدا
لا أصل له مرفوعاً

وإن اشتهر على الألسنة في الأزمنة المتأخرة حتى إن الشيخ عبد الكريم العامري الغزي لم يورده في كتابه " الجد الحثيث في بيان ما ليس بحديث وقد وجدت له أصلاً موقوفاً، رواه ابن قتيبة في " غريب الحديث " (1 / 46 / 2) حدثني السجستاني حدثنا الأصمعي عن حماد بن سلمة عن عبيد الله بن العيزار عن عبد الله بن عمرو أنه قال: فذكره موقوفاً عليه إلا أنه قال: " احرث لدنياك " إلخ وعبيد الله بن العيزار لم أجد من ترجمه ثم وقفت عليها في " تاريخ البخاري " (3 / 394) و" الجرح والتعديل " (2 / 2 / 330) بدلالة بعض أفاضل المكيين نقلاً عن تعليق للعلامة الشيخ عبد الرحمن المعلمي اليماني رحمه الله تعالى وفيها يتبين أن الرجل وثقه يحيى بن سعيد القطان وأنه يروي عن الحسن البصري وغيره من التابعين فالإسناد منقطع ويؤكد أنه رأيت الحديث في " زوائد مسند الحارث " للهيثمي (ق 130 / 2) من طريق أخرى عن ابن العيزار قال: لقيت شيخاً بالرملة من الأعراب كبيراً فقلت: لقيت أحداً من أصحاب رسول الله صلى الله عليه وسلم؟ فقال: نعم، فقلت: من؟ فقال: عبد الله بن عمرو بن العاص....

ثم رأيت ابن حبان قد أورده في " ثقات أتباع التابعين " (7 / 148)

ورواه ابن المبارك في " الزهد " من طريق آخر فقال (218 / 2) : أنبأنا محمد ابن عجلان عبد الله بن عمرو بن العاص قال: فذكره موقوفاً، وهذا منقطع وقد روي مرفوعاً، أخرجه البيهقي في سننه (3 / 19) من طريق أبي صالح حدثنا الليث عن ابن عجلان عن مولى لعمر بن عبد العزيز عن عبد الله بن عمرو بن العاص عن رسول الله صلى الله عليه وسلم أنه قال: فذكره في تمام حديث أوله: " إن هذا الدين متين فأوغل فيه برفق، ولا تبغض إلى نفسك عبادة ربك، فإن المنبت لا سفراً قطع ولا ظهراً أبقى، فاعمل عمل امرئ يظن أن لن يموت أبداً، واحذر حذر (امرئ) يخشى أن يموت غداً "

وهذا سند ضعيف وله علتان جهالة مولى عمر بن عبد العزيز وضعف أبي صالح وهو عبد الله بن صالح كاتب الليث كما تقدم في الحديث (6) ثم إن هذا السياق ليس نصاً في أن العمل المذكور فيه هو العمل للدنيا، بل الظاهر منه أنه يعني العمل للآخرة، والغرض منه الحض على الاستمرار برفق في العمل الصالح وعدم الانقطاع عنه، فهو كقوله صلى الله عليه وسلم: " أحب الأعمال إلى الله أدومها وإن قل " متفق عليه والله أعلم

هذا والنصف الأول من حديث ابن عمرو رواه البزار (1 / 57 / 74 - كشف الأستار) من حديث جابر، قال الهيثمي في " مجمع الزوائد " (1 / 62) : وفيه يحيى بن المتوكل أبو عقيل وهو كذاب

قلت: ومن طريقه رواه أبو الشيخ ابن حيان في كتابه " الأمثال " (رقم 229) لكن يغني عنه قوله صلى الله عليه وسلم: " إن هذا الدين يسر، ولن يشاد هذا الدين أحد إلا غلبه، فسددوا وقاربوا وأبشروا ... " أخرجه البخاري في صحيحه من حديث أبي هريرة مرفوعاً

وقد روى الحديث بنحوه من طريق أخرى وسيأتي بلفظ (أصلحوا دنياكم ...) (رقم 878)

৮। তুমি দুনিয়ার জন্য এমনভাবে কর্ম কর, যেন তুমি অনন্ত কালের জন্য জীবন ধারণ করবে। আর আখেরাতের জন্য এমনভাবে আমল কর, যেন তুমি কালকেই মৃত্যুবরণ করবে।

মারফু' হিসেবে হাদীসটির কোন ভিত্তি নেই।

যদিও এটি পরবর্তী সময়গুলোতে মুখে মুখে পরিচিতি লাভ করেছে। তবে মওকুফ হিসাবে হাদীসটির ভিত্তি পেয়েছি। ইবনু কুতায়বা “গারীবুল হাদীস” গ্রন্থে ((১/৪৬/২) বর্ণনা করেছেন। কিন্তু এটির সনদের বর্ণনাকারী ওবায়দুল্লাহ ইবনু আয়যারের জীবনী কে উল্লেখ করেছেন পাচ্ছি না। অতঃপর এটি সম্পর্কে “তারীখু বুখারী” গ্রন্থে (৩/৩৯৪) এবং “যারহু ওয়াত তা'দীল” (২/২/৩৩০) গ্রন্থে অবহিত হয়েছে। কিন্তু সনদটি মুনকাতি বিচ্ছিন্ন।

অতঃপর ইবনু হিব্বানকে এটিকে “সিকাতু আতবাইত তাবঈঈন” গ্রন্থে (৭/১৪৮) উল্লেখ করতে দেখেছি। ইবনুল মুবারাকও অন্য সূত্রে “আল-যুহুদ” গ্রন্থে (২/২১৮) মওকুফ হিসাবে বর্ণনা করেছেন। কিন্তু এটিও মুনকাতি' অর্থাৎ এর সনদে বিচ্ছিন্নতা রয়েছে। মারফু হিসাবেও বর্ণিত হয়েছে।

বাইহাকী তার “সুনান” গ্রন্থে (৩/১৯) আবু সালেহ-এর সূত্রে বর্ণনা করেছেন (তবে ভাষায় ভিন্নতা আছে)। কিন্তু এটির সনদটি দুটি কারণে দুর্বলঃ সনদের এক বর্ণনাকারী উমার ইবনু আদিল আযীযের দাস মাজহুল এবং আবু সালেহ দুর্বল। তিনি হচ্ছেন আব্দুল্লাহ ইবনু সালেহ, লাইসের কাতিব [কেরানী]। তার সম্পর্কে ৬ নং হাদীসে আলোচনা করা হয়েছে। বাইহাকী কর্তৃক বর্ণিত ইবনু আমরের হাদীসের প্রথম অংশটি বাযযার জাবের (রাঃ)-এর হাদীস হতে বর্ণনা করেছেন (দেখুন, ১/৫৭/৭৪- কাশফুল আসতার)। হাযসামী “আল-মাজমা” গ্রন্থে (১/৬২) বলেছেনঃ এটির সনদে ইয়াহইয়া ইবনুল মুতাওয়াঙ্কিল (আবু আকীল) রয়েছে। তিনি মিথ্যুক।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5269>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন